A GLOBAL TOBACCO INDUSTRY WATCHDOG

ফ্যাক্ট শিট

গ্লোবাল

# তামাক শিল্পের সহযোগীরা

নভেম্বর 2022

## তামাক শিল্পের সহযোগী বলতে কী বোঝায়?

তামাক শিল্পের সহযোগীরা আদতে এমন কোনও গোষ্ঠী বা সংস্থা যারা তামাক শিল্পের ব্যবসায়ীক স্বার্থে কাজ করে। তারা সাধারণত তামাকজাত পণ্য তৈরি বা বিক্রি করে না, কিন্তু তামাক শিল্পের ব্যবসায়িক কর্মসূচির বাস্তবায়নে সাহায্য করার মাধ্যমে তারা সারা বিশ্বে তামাক-মহামারী টিকিয়ে রাখতে সাহায্য করছে। তামাকের ব্যবহার এবং এই সংক্রান্ত ক্ষতি কমানোর ক্ষেত্রে সবচেয়ে বড় বাধা হল তামাক শিল্প। তামাক শিল্পের সহযোগীরা আদতে এই শিল্পেরই একটি অংশ।

## তামাক শিল্পের সহযোগীদের চিহ্নিত করা কঠিন।

- তামাক শিল্পের অনেক সহযোগীর নাম এমন যে, তা থেকে মনে হয় না তাদের সঙ্গে তামাক শিল্পের সম্পর্ক রয়েছে, বরং অনেক ক্ষেত্রে মনে হয় যে, তারা বোধহয় তামাক শিল্পের বিরোধী। যেমন, ফাউন্ডেশন ফর এ স্মোক-ফ্রি ওয়ার্ল্ড সংস্থাটি আদতে তামাক সংস্থা ফিলিপ মরিস ইন্টারন্যাশনাল প্রতিষ্ঠা করেছে এবং তারাই সংস্থাটির সম্পূর্ণ আর্থিক খরচ বহন করে।
- তামাক শিল্পের অনেক সহযোগী আড়ালে থাকে বা তাদের সঙ্গে তামাক শিল্পের সম্পর্ক গোপন রাখে।

## এই সমস্ত সহযোগীদের STOP তিনটি বিভাগে ভাগ করেছে।

| বিভাগ | বৈশিষ্ট্য | সম্ভাব্য কার্যকলাপ |
|---|---|---|
| **ফ্রন্ট গ্রুপ** | • এই ধরনের প্রতিষ্ঠান তৈরি, তাদের আর্থিক সাহায্য করা এবং/অথবা সদস্যপদের ক্ষেত্রে তামাক শিল্প মুখ্য ভূমিকা পালন করে<br>• যদিও এই প্রতিষ্ঠানগুলো স্বাধীন ভাবে কাজ করে বলে দাবি করে<br>• অনেক সময় এই প্রতিষ্ঠানগুলো জনস্বার্থে বা বিশেষ স্বার্থে কাজ করে বলে দাবি করে<br>• এই প্রতিষ্ঠানগুলোর সঙ্গে তামাক শিল্পের আর্থিক সম্পর্ক সাধারণত অস্পষ্ট বা গোপন থাকে | • সিগারেটের জন্য সাধারণ প্যাকেজিং আইন এবং তামাকের উপর কর বৃদ্ধির প্রতিবাদে প্রচার করে<br>• তামাক ও নিকোটিনজাত পণ্যের উপর বিধিনিষেধ শিথিল করতে সমর্থন জোগাড়ের চেষ্টা করে<br>• ই-সিগারেট এবং যে সমস্ত তামাকজাত দ্রব্য পুড়িয়ে ব্যবহার করা হয় সেগুলোর ব্যবহারের পক্ষে সওয়াল করে, এছাড়া তামাক শিল্পের "ক্ষতি কম" সংক্রান্ত প্রচার সমর্থন করে<br>• তামাক শিল্পের তরফে যে সমস্ত তথাকথিত প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা পালনের উদ্যোগ নেওয়া হয় সেগুলোর বাস্তবায়ন বা প্রচার করে<br>• এমন আন্দোলন শুরু করে যা নির্দিষ্ট গোষ্ঠী যেমন, ছোট ব্যবসায়ী বা উপভোক্তাদের স্বার্থকে গুরুত্ব দেয় বলে দাবি করা হয়<br>• তামাক শিল্পের তৈরি নতুন তামাক এবং নিকোটিনজাত পণ্যগুলি যাতে সহজে উপলভ্য হয় সেই দাবির স্বপক্ষে আবেদন জানিয়ে বা চিঠি লিখে প্রচার শুরু করে বা সংগঠিত করে। এছাড়া তামাকের ব্যবহার নিয়ন্ত্রণে নেওয়া বিভিন্ন ব্যবস্থা যেমন, তামাকের উপর কর বৃদ্ধি, সাধারণ প্যাকেজিং ও ব্যবহারের উপর আরোপ করা বিধিনিষেধের বিরুদ্ধে সওয়াল করে |
| **অ্যাস্ট্রোটার্ফ গ্রুপ** | • তামাক শিল্পের সহযোগী গ্রুপ বা প্রতিষ্ঠানগুলো এমন ভাবে কাজ করে যে মনে হয় তারা যেন স্বতঃস্ফূর্ত ভাবে তৃণমূল স্তরে কোনও নির্দিষ্ট শিল্প-সম্পর্কিত নীতির সমর্থন বা বিরোধিতা করছে<br>• তারা তাদের এই কাজের জন্য সমর্থক ভাড়া করতে পারে বা সমর্থকের সংখ্যা বাড়িয়ে দেখাতে পারে | |
| **তৃতীয় পক্ষ** | • মুখপাত্রর ভূমিকায় বা সমর্থন জোগাড়ের জন্য কাজ করে<br>• আপাত দৃষ্টিতে মনে হয় তারা স্বাধীন ভাবে কাজ করছে কিন্তু বাস্তবে তামাক সংস্থাগুলো থেকে অর্থ সাহায্য পেয়ে থাকে<br>• অনেক ক্ষেত্রেই তামাক সংস্থাগুলো এই সমস্ত গোষ্ঠীর সদস্য | |

উদাহরণ দেখতে ক্লিক করুন এই লিঙ্কে: exposetobacco.org/tobacco-industry-allies

## তামাক শিল্পের সহযোগীরা জনস্বাস্থ্যের ক্ষতি করছে।

- তামাক ব্যবহারের কারণে প্রতি বছর বিশ্বে ৪ মিলিয়নের বেশি মানুষের মৃত্যু হয়, এবং চিকিৎসার খরচ ও উৎপাদনের হার হ্রাস বাবদ বিশ্ব অর্থনীতিরবছরে US $1.85 ট্রিলিয়নক্ষতি[1] হয়।
- এটা প্রমাণিত যে, তামাকের উপর কর বৃদ্ধি; বিজ্ঞাপন, প্রচার এবং স্পনসরশিপ নিষিদ্ধ করা; সাধারণ প্যাকেজিং, ছবির মাধ্যমে স্বাস্থ্য সংক্রান্ত সতর্কতা, ধূমপানমুক্ত স্থান এবং আরও একাধিক পদক্ষেপের বাস্তবায়ন তামাকজাত পণ্যের কারণে হওয়া শারীরিক ও অর্থনৈতিক ক্ষতির পরিমাণ এবং মৃত্যুর সংখ্যা হ্রাস করবে।
- জনস্বাস্থ্যের ক্ষতি হলেও যাতে তামাক শিল্পের লাভ হয় সেজন্য তামাক শিল্পের সহযোগীরা জীবন রক্ষাকারী এই পদক্ষেপগুলির বাস্তবায়ন আটকাতে বা বিলম্বিত করতে বা দুর্বল করার কাজে তামাক শিল্পকে সাহায্য করে।
- যেসব জায়গায় তামাক শিল্পের বিশ্বাসযোগ্যতা কম বা এই শিল্পের প্রভাব থেকে সরকারি নীতিকে রক্ষা করার জন্য নীতিনির্ধারকদের সঙ্গে এই শিল্পের সরাসরি যোগাযোগের কোনও সুযোগ জাতীয় নীতিতে নেই, সেখানে তামাক শিল্পের সহযোগীরা বিকল্প রাস্তা খুঁজে নেয় যাতে তামাক শিল্প সরকারি নীতির উপর প্রভাব বিস্তার করতে পারে।

## তামাক শিল্পের কিছু সহযোগীর উদাহরণ

| আলিয়ানসি মাসিয়ারকাট টেম্বাকাউ ইন্দোনেশিয়া (এএমটিআই)[2] | |
|---|---|
| **স্থান** | ইন্দোনেশিয়ায় অবস্থিত, মূলত ইন্দোনেশিয়ায় সক্রিয় |
| **সহযোগী সংস্থাটির ধরন** | ফ্রন্ট গ্রুপ |
| **যে বিষয়ে গুরুত্ব দেওয়া হয়** | দাহ্য সিগারেটের প্রচার |
| **তামাক সংস্থার সঙ্গে যোগাযোগ** | এএমটিআই-এর অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য ফিলিপ মরিস ইন্টারন্যাশনালের ইন্দোনেশিয়ান সহযোগী প্রতিষ্ঠান পিটি এইচএম স্যামপোয়েরনা টিবিকে। |
| **কার্যকলাপ** | তামাক সংক্রান্ত বিজ্ঞাপনে নিষেধ, তামাকজাত পণ্যের উপর কর বৃদ্ধি সহ তামাকের ব্যবহার নিয়ন্ত্রণের উদ্দেশ্যে নেওয়া বিভিন্ন পদক্ষেপের বিরুদ্ধে এই সংস্থা সর্বদা সমর্থন জোগাড়ের চেষ্টায় সক্রিয় |
| **জনস্বাস্থ্যের পক্ষে বিপজ্জনক** | তামাকজাত পণ্যের বিজ্ঞাপন নিষিদ্ধ করার সিদ্ধান্ত বাতিল বা সেটি কার্যকরী করার ক্ষেত্রে বিলম্বের সুযোগ নিয়ে তামাক সংস্থাগুলো নতুনদের ধূমপানে আকৃষ্ট করে এবং যারা আগে থেকেই ধূমপায়ী তাঁদের ধূমপানে আরও উৎসাহ দেয়।<br><br>তামাকের উপর কর বৃদ্ধি তথা তামাকের দাম বৃদ্ধির বিরোধিতার জেরে সিগারেটের দাম অল্পবয়সী সহ দাম সচেতন ক্রেতাদের নাগালের মধ্যে থাকে। এটি তামাকের ব্যবহারের পক্ষে প্রচার করে ও তাতে উৎসাহ দেয় |

| ওয়ার্ল্ড ভ্যাপার্স[3] | |
|---|---|
| **স্থান** | আমেরিকা যুক্তরাষ্ট্রে অবস্থিত, সারা বিশ্বে সক্রিয় |
| **সহযোগী সংস্থাটির ধরন** | অ্যাস্ট্রোটার্ফ গ্রুপ |
| **যে বিষয়ে গুরুত্ব দেওয়া হয়** | মূলত বৈদ্যুতিন নিকোটিনজাত পণ্যের প্রচার করে, যে সমস্ত পণ্যের মধ্যে অনেকগুলো বড় মাপের আন্তর্জাতিক তামাক সংস্থা উৎপাদন করে |
| **তামাক সংস্থার সঙ্গে যোগাযোগ** | ব্রিটিশ আমেরিকান টোব্যাকো সংস্থা এই গ্রুপটি তৈরি করার পাশাপাশি সেটির কাজকর্ম নিয়ন্ত্রণ করে ও অর্থ সাহায্য করে।<br><br>কনজিউমার চয়েস সেন্টার ওয়ার্ল্ড ভ্যাপার্স অ্যালায়েন্স-এর প্রতিষ্ঠার পাশাপাশি সংস্থাটিকে আর্থিক সহায়তা করে। কনজিউমার চয়েস সেন্টার ব্রিটিশ আমেরিকান টোব্যাকো, ফিলিপ মরিস ইন্টারন্যাশনাল এবং জাপান টোব্যাকো ইন্টারন্যাশনাল থেকে আর্থিক সহায়তা পেয়ে থাকে। |
| **কার্যকলাপ** | নেদারল্যান্ডসে স্বাদ যুক্ত ই-সিগারেট ব্যবহারে নিষেধাজ্ঞা এবং সেই সংক্রান্ত স্বাস্থ্য সতর্কতার বিরুদ্ধে চিঠি লিখে "আপাতদৃষ্টিতে নিঃস্বার্থ" প্রতিবাদ সংগঠন<br>ই-সিগারেট ব্যবহার নিয়ন্ত্রণের বিরুদ্ধে সমর্থন জোগাড়ের চেষ্টা এবং সেটি কার্যত ধূমপানে আসক্তি কমায় দাবি করে প্রচার |
| **জনস্বাস্থ্যের পক্ষে বিপজ্জনক** | তামাক শিল্পের সহযোগী সংস্থাগুলো তাদের সঙ্গে তামাক শিল্পের সম্পর্ক সর্বদা প্রকাশ্যে আনে না। এছাড়া তারা নিজেদের নানা উদ্যোগের প্রচার করতে ফেসবুকে যে বিজ্ঞাপন দেয় সেখানে নিজেদের নাম ব্যবহার করে না, যাতে মনে হয় যে, এই উদ্যোগ স্বাধীন এবং সাধারণ মানুষের স্বার্থে নেওয়া হয়েছে।<br>ই-সিগারেটে বিধিনিষেধ তরুণদের আসক্তি থেকে দূরে রাখতে সাহায্য করে। এই বিধিনিষেধের বিরুদ্ধে আন্দোলনের ফলে তরুণদের কাছে ই-সিগারেট আরও সহজলভ্য হবে। |

1. https://tobacconomics.org/files/research/523/UIC_Economic-Costs-of-Tobacco-Use-Policy-Brief_v1.3.pdf
2. https://tobaccotactics.org/wiki/Lobby-Groups/
3. https://tobaccotactics.org/wiki/world-vapers-alliance/

| কনকর্ডিয়া[4] | |
|---|---|
| **স্থান** | আমেরিকা যুক্তরাষ্ট্রে অবস্থিত, সারা বিশ্বে সক্রিয় |
| **সহযোগী সংস্থাটির ধরন** | তৃতীয় পক্ষ |
| **যে বিষয়ে গুরুত্ব দেওয়া হয়** | তামাক শিল্পকে দায়িত্বশীল, উদ্ভাবনী ক্ষমতা বিশিষ্ট এবং বিশ্বস্ত হিসাবে প্রচার করে |
| **তামাক সংস্থার সঙ্গে যোগাযোগ** | ফিলিপ মরিস ইন্টারন্যাশনাল 2020 সাল থেকে "পৃষ্ঠপোষক সদস্য" হিসাবে তালিকাভুক্ত এবং 2017 সাল থেকে কনকর্ডিয়া ইভেন্ট স্পনসর করছে এবং সেই ইভেন্টের আলোচনায় নিয়মিত যোগ দিয়েছে। |
| **কার্যকলাপ** | পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ সংক্রান্ত বিভিন্ন ইভেন্টের আয়োজন করে, এই ইভেন্টগুলোর মধ্যে একটি শীর্ষ সম্মেলন এবং রাষ্ট্রসংঘের সাধারণ সভা একই সপ্তাহে অনুষ্ঠিত হয়েছিল |
| **জনস্বাস্থ্যের পক্ষে বিপজ্জনক** | ফিলিপ মরিস ইন্টারন্যাশনাল সংস্থাকে তার কর্মসূচি প্রচারের জন্য একটি প্ল্যাটফর্ম দেওয়া হয় এবং বিভিন্ন রাষ্ট্রপ্রধান, বরিষ্ঠ কার্যনির্বাহী আধিকারিক ও রাষ্ট্রসংঘের প্রতিনিধিদের সঙ্গে একই মঞ্চ ব্যবহার করার অনুমতি দিয়ে সিগারেট সংস্থাটিকে অনৈতিকভাবে অংশীদার হিসাবে স্বীকৃতি দেওয়া হয়। এর ফলে এমন বোঝাপড়া তৈরি হতে পারে যার জেরে তৈরি নীতি জনস্বার্থের বদলে তামাক শিল্পের স্বার্থকে গুরুত্ব দেবে। |

## তামাক শিল্পের সহযোগীরা বিশ্বস্ত নয়।

তামাক শিল্পের সহযোগীরা জনস্বাস্থ্যের পক্ষে বিপজ্জনক। সরকারের সমস্ত স্তরের নীতিনির্ধারকদের তামাক শিল্পের সহযোগীদের সঙ্গে কাজ করা উচিত নয়, পরিবর্তে তামাকের ব্যবহার নিয়ন্ত্রণে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ফ্রেমওয়ার্ক কনভেনশনের 5.3 অনুচ্ছেদের বাস্তবায়ন করা উচিত, যে অনুচ্ছেদের উদ্দেশ্য তামাক শিল্প ও তাদের স্বার্থ রক্ষা করতে যারা সচেষ্ট তারা যেন সরকারি নীতি নির্ধারণকে প্রভাবিত করতে না পারে।

তামাক শিল্পের ক্ষতিকর কর্মসূচিকে যারা এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছে তাদের সঙ্গে যাতে আপনি কাজ না করেন তা নিশ্চিত করতে STOP-এর ক্রমবর্ধমান ডেটাবেস দেখুন: exposetobacco.org/tobacco-industry-allies

4. https://tobaccotactics.org/wiki/concordia/

STOP. A GLOBAL TOBACCO INDUSTRY WATCHDOG

**STOP (স্টপিং টোব্যাকো অরগানাইজেশনস অ্যান্ড প্রোডাক্টস)**

STOP হল বিশ্বব্যাপী তামাক শিল্পের উপর এক নজরদারি ব্যবস্থা, যার লক্ষ্য জনস্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর তামাক শিল্পের পরিকল্পনা এবং কৌশলগুলি ফাঁস করা। STOP ব্লুমবার্গ ফিলানথ্রপিস-এর থেকে আর্থিক সহায়তা পায়, এবং এটি বাথ বিশ্ববিদ্যালয়ের টোব্যাকো কন্ট্রোল রিসার্চ গ্রুপ (টিসিআরজি), দ্য গ্লোবাল সেন্টার ফর গুড গভর্ন্যান্স ইন টোব্যাকো কন্ট্রোল (জিজিটিসি), দ্য ইন্টারন্যাশনাল ইউনিয়ন এগেইনস্ট টিউবারকুলোসিস অ্যান্ড লাং ডিজিজ (দ্য ইউনিয়ন) অ্যান্ড ভাইটাল স্ট্র্যাটেজিস-এর অংশীদার হিসেবে কাজ করে। আরও জানতে ক্লিক করুন exposetobacco.org.

GGTC Global Center for Good Governance in Tobacco Control | The Union International Union Against Tuberculosis and Lung Disease Health solutions for the poor | Vital Strategies | UNIVERSITY OF BATH